সংবাদ

তারিখ: 02 OCT 2016
পৃষ্ঠা: ৪ কলাম: ৪

## বরিশালে মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী

# একাত্তরের পরাজিত শক্তি জঙ্গি সংকটের সৃষ্টি করেছে

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বলেছেন, জঙ্গিবাদ হচ্ছে আন্তর্জাতিক অশুভ শক্তির চাপিয়ে দেয়া নতুন সংকট। বর্তমান সরকারের উন্নয়ন বাধাগ্রস্ত করতে একাত্তরের পরাজিত শক্তি এই সংকটের সৃষ্টি করেছে। দেশের শিক্ষা সংশ্লিষ্ট সকলকে নিয়ে জঙ্গিবাদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন ও প্রতিরোধ গড়ে তুলতে হবে। প্রান্তিক জনপদেও এই আন্দোলনের মূল কাণ্ডারির দায়িত্ব পালন করবে শিক্ষক সমাজ।

শনিবার দুপুরে বরিশাল শিক্ষা বোর্ডের আয়োজনে বিএম কলেজের বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর মিলনায়তনে 'শিক্ষা নিয়ে গড়বো দেশ শেখ হাসিনার বাংলাদেশ' শিক্ষার উন্নত পরিবেশ ও জঙ্গিবাদ মুক্ত শিক্ষাঙ্গন শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, ইসলাম শান্তির ধর্ম। ইসলামের নামে অপব্যাখ্যা দিয়ে স্বাধীনতাবিরোধীরা দেশে অরাজকতা সৃষ্টির চেষ্টা করছে। ইসলাম কখনও জঙ্গিবাদ উগ্রবাদ সমর্থন করে না। আমাদের ছোট ছোট ছেলেমেয়েদের কুমন্ত্রণা দিয়ে প্রকৃত ইসলাম থেকে দূরে রেখে ইসলামের বিরুদ্ধে কার্যক্রম চালানো হচ্ছে। এতে করে আমাদের দেশের সর্বনাশের পাশাপাশি ওইসব পরিবারগুলো ধ্বংস হচ্ছে। তাই সবাই মিলে জঙ্গিবাদের বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তুলতে হবে।

সভার শুরুতে প্রান্তিক জনপদের শিক্ষকরা তাদের মতামতে বলেন, শুধু লেখাপড়া কিংবা সার্টিফিকেট অর্জনের জন্য ছাত্রছাত্রীরা শিক্ষা প্রতিষ্ঠানে যাবে এ ধারণা বদলে ফেলতে হবে। প্রতিটি প্রতিষ্ঠানে শ্রেণীকক্ষে পাঠদানের পাশাপাশি বিভিন্ন ধরনের ক্রীড়া-সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে ছাত্রছাত্রীদের মুক্ত জ্ঞানচর্চার পরিবেশ সৃষ্টি করতে হবে। ছাত্রছাত্রীদের মধ্যে দেশাত্মবোধ জাগ্রত করার জন্য ক্লাস শুরুর আগে শ্রেণী শিক্ষকদের ৫ মিনিট করে দেশাত্মবোধ বিষয়ে আলোচনা করতে পরামর্শ দেন অধিকাংশ শিক্ষক। শিক্ষার্থীরা যাতে ধর্ম নিয়ে বিভ্রান্তিতে না পড়ে সেজন্য তাদের কাছে কোরআন-হাদিসের সঠিক ব্যাখ্যা উপস্থাপনেরও আহ্বান জানানো হয়।

পূর্বাহ্নে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বিএম কলেজের সামনে বরিশাল মাদক নিয়ন্ত্রণ অধিদফতরের উদ্যোগে অনুষ্ঠিত মাদকবিরোধী মানববন্ধনের উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী বলেন, মাদক শিক্ষার জন্য বিপদ হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, মাদকের বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে সকল প্রতিষ্ঠানের শিক্ষকরা উদ্যোগ নেবেন। সেই কাজই আমরা করে যাচ্ছি। সকলের স্বার্থেই বর্তমান সরকার জঙ্গিবাদ দমন করে যাচ্ছে। কিন্তু একদিনেই শেষ না, প্রত্যেক দিন বাড়িতে স্কুলে, সমাজে, চলাফেরায় সর্বত্র শেখানো দরকার কিভাবে মাদক ও জঙ্গিবাদ আমাদের সর্বনাশ ডেকে আনছে। মাদকের মতো জঙ্গিবাদও একটি বড় সমস্যা।

মানববন্ধন ও মতবিনিময় সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের প্যানেল স্পিকার অ্যাডভোকেট তালুকদার মো. ইউনুস এমপি, বরিশাল-৫ সদর আসনের সংসদ সদস্য জেবুন্নেছা আফরোজ, জেলা প্রশাসক ড. গাজী মো. সাইফুজ্জামান, শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর মুহাম্মদ জিয়াউল হক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের অতিরিক্ত পরিচালক এএএম হাফিজুর রহমান, উপ-পরিচালক মো. রাশেদুজ্জামান প্রমুখ।